| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৯। | গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে | ৩% |
| ১০। | স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization line রহিয়াছে এইরূপ কোনো কোম্পানি কর্তৃক তৈয়ারকৃত ৩৩ কেভি হইতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১১। | সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১২। | রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১৩। | শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১৪। | ক। সারণী ক্রমিক নং ১ হইতে ১২ তে বর্ণিত হয় নাই এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে—<br>খ। ধারা ৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে— | ৫% |

";

(খ) বিধি ৬ এর—

(অ) উপ-বিধি (১) এ উল্লিখিত "(a), (aa), (aaa)," বন্ধনীগুলি, বর্ণগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে;

(আ) উপ-বিধি (৫) এর—

(i) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(চ) পণ বা পণের বিকল্প কোনো সুবিধাবিহীন দলিল, যেমন: দান, উইল, অছিয়ত বা এওয়াজ অথবা বিনিময় দলিল নিবন্ধন।";

(ii) দফা (ছ) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৪ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ কে এম বদিউল আলম**
সদস্য (কর নীতি)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

CamScanner

**৬। সম্পত্তি হস্তান্তর হইতে কর সংগ্রহ।**-(১) ধারা ১২৫ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর section 17 এর sub-section (1) এর clauses (a), (aa), (aaa), (b), (c) বা (e) অধীন দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো নিবন্ধন কর্মকর্তা কোনো দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না সম্পত্তি হস্তান্তরকারী নিম্নবর্ণিত সারণীদ্বয়ে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে পে-অর্ডারের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:-

বিলুপ্ত

**সারণী-১**

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | ঢাকা জেলার গুলশান, বনানী, মতিঝিল ও তেজগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১৫,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১৫,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যাহা অধিক। |
| ২। | ঢাকা জেলার ধানমন্ডি, ওয়ারী, তেজগাঁও শিল্পাঞ্চল থানা, শাহবাগ, রমনা, পল্টন, বংশাল, নিউমার্কেট ও কলাবাগান থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যাহা অধিক। |
| ৩। | ঢাকা জেলার কাফরুল, মোহাম্মদপুর, সূত্রাপুর, যাত্রাবাড়ী, উত্তরা মডেল থানা, ক্যান্টনমেন্ট থানা, চকবাজার থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, খিলগাঁও, শ্যামপুর ও গেন্ডারিয়া থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যাহা অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যাহা অধিক। |
| ৪। | ঢাকা জেলার খিলক্ষেত, বিমানবন্দর , উত্তরা | দলিলে উল্লিখিত ভূমির | দলিলে উল্লিখিত | দলিলে উল্লিখিত | দলিলে উল্লিখিত | দলিলে উল্লিখিত |

CamScanner

| ক্রমিক নং | বর্ণনা | করহার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | শ্রেণি-ক হইতে শ্রেণি-ঘ এ উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর ক্ষেত্রে | প্রতি বর্গমিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যাহা অধিক। |
| ২। | শ্রেণি-ঙ-তে উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর ক্ষেত্রে এবং সারণী-২ এর ক্রমিক নং ১ এ উল্লিখিত মৌজার ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর ক্ষেত্রে | প্রতি বর্গমিটারে ৫০০ (পাঁচশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৬% (ছয় শতাংশ) এর মধ্যে যাহা অধিক। |
| ৩। | অন্যান্য ক্ষেত্রে | প্রতি বর্গমিটারে ৩০০ (তিনশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৬% (ছয় শতাংশ) এর মধ্যে যাহা অধিক। |

(৩) প্রতিটি দলিলের মন্তব্য কলামে ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেসের প্রকৃতি আবাসিক নাকি বাণিজ্যিক এ বিষয়ে সুস্পষ্ট বর্ণনার অনুপস্থিতিতে এই বিধির অধীন সঠিকভাবে কর সংগ্রহ হয় নাই মর্মে গণ্য হইবে।

(৪) সরকার বা সংবিধিবদ্ধ সরকারি কোনো কর্তৃপক্ষ কর্তৃক কোনো ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস হস্তান্তরের দলিল নিবন্ধনের ক্ষেত্রে এই বিধির অধীন কর কর্তন প্রযোজ্য হইবে।

(৫) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে এই বিধির অধীন কর সংগ্রহ প্রযোজ্য হইবে না, যথা:-

(ক) কোনো ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস বন্ধক রাখা হইলে উক্ত বন্ধকী দলিল নিবন্ধন;

(খ) জাতিসংঘ বা ইহার অঙ্গসংস্থা অথবা কোনো বিদেশি দূতাবাস বা মিশন কর্তৃক কোনো ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস হস্তান্তরের দলিল নিবন্ধন;

(গ) স্বত্বের বিলোপ হয় না এইরূপ না-দাবি দলিল নিবন্ধন;

CamScanner

(ঘ) বন্টননামা দলিল নিবন্ধন;

(ঙ) ওয়াক্‌ফ বা দেবোত্তর দান দলিল নিবন্ধন;

(চ) পণ বা পণের বিকল্প কোনো সুবিধাবিহীন দলিল, যেমন: উইল, অছিয়ত বা এওয়াজ অথবা বিনিময় দলিল নিবন্ধন;

(ছ) কেবল স্বামী-স্ত্রী, পিতা-মাতা বা সন্তানের মধ্যকার দান বা হেবা দলিল নিবন্ধন।

(৬) সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় ১০ (দশ) লক্ষাধিক টাকার ভূমি, স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস বিক্রয় বা হস্তান্তর বা বায়নানামা বা আমমোক্তারনামা নিবন্ধনকালে দাতা ও গ্রহীতার রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return or PSR) উপস্থাপন ব্যতীত উক্তরূপ নিবন্ধন সম্পন্ন করা যাইবে না।

(৭) এই বিধির অধীন দাখিলকৃত প্রতিটি পে-অর্ডার নিম্নবর্ণিত সারণী মোতাবেক পৃথক পৃথক এ-চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করিতে হইবে, যথা:-

| ক্রমিক নং | পে-অর্ডার সংগ্রহের সময় | এ-চালানের মাধ্যমে জমার সময় |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | অর্থ বৎসরের জুলাই মাসের প্রথম সপ্তাহ হইতে জুন মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত | যে সপ্তাহে সংগৃহীত হইয়াছে উহার পরবর্তী সপ্তাহের প্রথম কর্মদিবসের মধ্যে। |
| ২। | অর্থ বৎসরের জুন মাসের শেষ সপ্তাহে | ~~যে দিন সংগৃহীত হইয়াছে~~ উহার পরবর্তী কর্মদিবসের মধ্যে। |
| ৩। | অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবস | অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবসের মধ্যে। |

(৮) এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে,-

(ক) "**ক-শ্রেণি**" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন এলাকার বাণিজ্যিক প্লটকে বুঝাইবে;

CamScanner

# দানকর আইন, ১৯৯০

## ১৯৯০ সনের ৪৪ নং আইন

[২৭ জুন, ১৯৯০]

**দানের উপর কর ধার্যকরণকল্পে প্রণীত আইন।**

যেহেতু দানের উপর কর ধার্যকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা এবং প্রবর্তন

১। (১) এই আইন দানকর আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জুলাই, ১৯৯০ তারিখে বলবৎ হইবে।

সংজ্ঞা

২। (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "আপীলাত ট্রাইবুন্যাল" অর্থ আয়কর অধ্যাদেশের অধীন গঠিত Taxes Appellate Tribunal;

(খ) "আয়কর অধ্যাদেশ" অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984);

(গ) "উপ-কর কমিশনার" অর্থ আয়কর অধ্যাদেশে উল্লিখিত Deputy Commissioner of Taxes;

(ঘ) "কর আদায় কর্মকর্তা" অর্থ আয়কর অধ্যাদেশে উল্লিখিত Tax Recovery Officer;

(ঙ) "কর দাতা" বলিতে যাহার দ্বারা দানকর প্রদেয় হয় বা যাহার সম্পর্কে দানকর ধার্য করিবার উদ্দেশ্যে এই আইনের অধীন কোন কার্যধারা গ্রহণ করা হয় বা হইতে পারে তাঁহাকে বুঝাইবে;

(চ) "দান" বলিতে এক ব্যক্তি কর্তৃক অন্য কোন ব্যক্তিকে স্বেচ্ছায় অর্থ বা অর্থমূল্যের প্রতিলাভ ছাড়া কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি হস্তান্তর বুঝাইবে;

(ছ) "পরিদর্শী যুগ্ম-কর কমিশনার" অর্থ আয়কর অধ্যাদেশে উল্লিখিত Inspecting Joint Commissioner of Taxes;

(জ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

(২) এই আইনে ব্যবহৃত হইয়াছে অথচ সংজ্ঞায়িত হয় নাই এবং আয়কর অধ্যাদেশে সংজ্ঞায়িত হইয়াছে এইরূপ শব্দ বা অভিব্যক্তির অর্থ আয়কর অধ্যাদেশে উহাকে প্রদত্ত অর্থের অনুরূপ হইবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangla

CS CamScanner

৩। এই আইনের অন্যান্য বিধান সাপেক্ষে, ১লা জুলাই, ১৯৯০ সাল হইতে কোন ব্যক্তি কর্তৃক কোন আর্থিক বৎসরে কৃত সকল দানের উপর তফসিলে বর্ণিত হারে কর ধার্য হইবে। দানকর ধার্যকরণ

৪। (১) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে কোন ব্যক্তির কৃত দানের উপর এই আইনের অধীন কোন দানকর আরোপযোগ্য হইবে না, যথা :- কতিপয় দানের ক্ষেত্রে অব্যাহতি

(ক) দানকৃত সম্পত্তি যদি বাংলাদেশের বাহিরে অবস্থিত হয়;

(খ) দান যদি সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষকে করা হয়;

[১][(গ) দান যদি দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত নিম্নবর্ণিত কোন তহবিল বা প্রতিষ্ঠানকে করা হয়, যথা :-

(অ) বাংলাদেশে প্রচলিত কোন আইন দ্বারা প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত অথবা সরকার কর্তৃক স্বীকৃত বা পরিচালিত কোন পলিটেকনিক ইন্সটিটিউটসহ যে কোন শিক্ষা প্রতিষ্ঠান;

(আ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বা পরিচালিত অথবা সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের নিকট হইতে সাহায্যপ্রাপ্ত কোন হাসপাতাল;

(ই) সরকার কর্তৃক গঠিত বা অনুমোদিত কোন বন্যা বা দুর্যোগ মোকাবিলা তহবিল;

(ঈ) সাধারণ জনগণের কল্যাণার্থে পরিচালিত নয় এমন কোন ব্যক্তিগত ধর্মীয় প্রতিষ্ঠান ব্যতীত, ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে বাংলাদেশে প্রতিষ্ঠিত ও সরকার কর্তৃক অনুমোদিত বা ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও প্রচলিত আইনে নিবন্ধিত কোন প্রতিষ্ঠানকে করদাতা কর্তৃক সংশ্লিষ্ট কর বৎসরের নিরুপিত মোট আয়ের ২০ শতাংশ বা ১ লক্ষ টাকা, এই উভয়ের মধ্যে যাহা কম হয়;]

(ঘ) দান যদি ভরণপোষণের জন্য তাঁহার উপর নির্ভরশীল কোন আত্মীয়ের বিবাহকালে সর্বোচ্চ বিশ হাজার টাকার মূল্য পর্যন্ত করা হয়;

(ঙ) দান যদি পত্নী ব্যতীত, ভরণপোষণের জন্য তাঁহার উপর নির্ভরশীল কোন আত্মীয়কে সর্বোচ্চ বিশ হাজার টাকা মূল্য পর্যন্ত বীমা বা বার্ষিক বৃত্তির পলিসি দ্বারা করা হয়;

(চ) দান যদি উইলমূলে করা হয়;

(ছ) দান যদি মৃত্যু চিন্তায় করা হয়;

---

[১] দফা (গ) অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ৫ ধারাবলে প্রতিস্থাপিত।

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangla

CamScanner

(জ) দান যদি পুত্র, কন্যা, পিতা, মাতা, স্বামী, স্ত্রী, আপন ভাই অথবা আপন বোনকে করা হয়।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত অব্যাহতি ছাড়াও, কোন ব্যক্তি কর্তৃক কোন আর্থিক বৎসরে কৃত বিশ হাজার টাকা মূল্যের দানের উপর এই আইনের অধীন কোন দানকর ধার্য হইবে না।

(৩) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন শ্রেণীর দান অথবা যে কোন শ্রেণীর ব্যক্তিকে এই আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি দিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন প্রজ্ঞাপিত অব্যাহতি উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্ত সাপেক্ষে করা যাইবে।

**দানের মূল্য নিরূপণ পদ্ধতি**

৫। (১) এই আইনের অধীন কর নির্ধারণের জন্য নগদ অর্থ ব্যতীত দান হিসাবে হস্তান্তরিত অন্যান্য সম্পত্তির মূল্য দানের তারিখে উক্ত সম্পত্তি যে মূল্যে খোলা বাজারে বিক্রয় হইতে পারিত সেই মূল্যের সমান অনুমিত হইবে।

(২) যেক্ষেত্রে কোন সম্পত্তি খোলা বাজারে বিক্রয়যোগ্য না হওয়ার কারণে উপ-ধারা (১) এর আওতায় উহার মূল্য নিরূপণ সম্ভব নহে, সেক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উহার মূল্য নিরূপণ করা হইবে।

**দানকর নির্ধারণ ও আদায়**

৬। উপ-কর কমিশনার এবং কর আদায় কর্মকর্তা তাঁহাদের নিজস্ব অধিক্ষেত্রে এই আইনের অধীন দানকর ক্ষেত্রমত নির্ধারণ করিবেন ও আদায় করিবেন।

**দানের রিটার্ন**

৭। (১) কোন আর্থিক বৎসরে করযোগ্য দান করিয়াছেন এমন প্রত্যেক ব্যক্তিকে পরবর্তী কর বৎসরের পনরই সেপ্টেম্বরের পূর্বে বিধি দ্বারা নির্ধারিত ফরমে এবং পদ্ধতিতে উক্ত দান সম্পর্কিত একটি রিটার্ন উপ-কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে।

(২) উপ-কর কমিশনার যদি এইরূপ অভিমত পোষণ করেন যে কোন ব্যক্তির কোন আর্থিক বৎসরে কৃত দানসমূহ এই আইনের অধীন দানকরযোগ্য তাহা হইলে তিনি উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, যাহা ত্রিশ দিনের কম হইবে না, বিধি দ্বারা নির্ধারিত ফরমে এবং পদ্ধতিতে রিটার্ন দাখিলের জন্য নোটিশ দ্বারা তাঁহাকে নির্দেশ দিতে পারিবেন।

(৩) উপ-কর কমিশনার যথাযথ বিবেচনা করিলে এই ধারার অধীন রিটার্ন দাখিলের সময়সীমা বাড়াইতে পারিবেন।

**কর পরিশোধ**

৮। (১) ধারা ৭ এর অধীন যে সকল ব্যক্তি রিটার্ন দাখিল করেন তাঁহারা, রিটার্ন দাখিলের তারিখে বা তৎপূর্বে, রিটার্নের ভিত্তিতে কর পরিশোধ করিবেন।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh

CamScanner